

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মুজিবনগর, মেহেরপুর।

তারিখ : ২৯/১০/২০২০ খ্রি.।

স্মারক নং-০৫.৪৪.৫৭৬০.০০০.০৩.০৬৪.১৯-৬৭৫


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৭(২) উপ-বিধি (১) অনুযায়ী ০৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের শূন্য পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের নিকট হতে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	ওয়ার্ড নং ও পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	বেতন ভাতাদি	
					সরকারি অংশ	স্থানীয় ইউপি অংশ
১	মহল্লাদার	০৮ নং ওয়ার্ড ০১ জন	১৮ হতে ৩০ বছর (মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে ১৮ হতে ৩২ বছর)	অষ্টম শ্রেণী পাশ	৩২৫০/- টাকা	৩২৫০/- টাকা

আবেদনপত্র প্রেরণ ও নিয়োগের শর্তাবলী :

- ০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে। যে ওয়ার্ডে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে প্রার্থীকে সেই ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/অস্থায়ী ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড) এর ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র ও চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।
- ০৩। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৪। পুরুষ প্রার্থীর উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি এবং বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); ওজন সর্বনিম্ন ৫০ কেজি হতে হবে।
- ০৫। মহিলা প্রার্থীর উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট এবং বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।
- ০৬। প্রার্থীর বয়স ১৮.১১.২০২০খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৭। আবেদনপত্র আগামী ১৮.১১.২০২০খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি পৌছাতে হবে।
- ০৮। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৯। নিয়োগ বিষয়ে আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। নিয়োগের ক্ষেত্রে সকল বিধিবিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১১। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি, এ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(সুজন সরকার)

উপজেলা নির্বাহী অফিসার  
মুজিবনগর, মেহেরপুর।

তারিখ : ২৯/১০/২০২০ খ্রি.।


স্মারক নং-০৫.৪৪.৫৭৬০.০০০.১১.০০২.১৯-

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে):

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা, মুজিবনগর, মেহেরপুর।
- ৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মুজিবনগর, মেহেরপুর।

অনুলিপি(কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, বাগোয়ান ইউনিয়ন পরিষদ, মুজিবনগর, মেহেরপুর (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)।
- ২। সহকারী প্রোগ্রামার, মুজিবনগর (তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধ করা হলো)

  
(সুজন সরকার)

উপজেলা নির্বাহী অফিসার  
মুজিবনগর, মেহেরপুর।

  
২৯/১০/২০